তাং-৩১-১২-২০২৩ খ্রী.

## বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

### সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম -পরিকল্পনা, ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্য মাত্রা | লক্ষ্যমাত্রা/ অর্জন | লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১ম কোয়াটার (জুলাই, ২৩ হতে সেপ্টেম্বর, ২৩ | ২য় কোয়াটার (অক্টোবর, ২৩ হতে ডিসেম্বর, ২৩ | ৩য় কোয়াটার (জানুয়ারি,২৪ হতে মার্চ,২৪ | ৪র্থ কোয়াটার (এপ্রিল,২৪ হতে জুন,২৪ | মোট অর্জন | অর্জিতমান | মন্তব্য |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| প্রাতিষ্ঠানিক | ১৩ | [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৫ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ৪ | - | |
| | | | | | | | অর্জন | ১ | ১ | - | - | ১ | ২.৫০ | |
| | | [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত | সংখ্যা | ৫ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ৪ | - | |
| | | | | | | | অর্জন | ১ | ১ | - | - | ১ | ২.৫০ | |
| সক্ষমতা অর্জন | ১২ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন। | [১.১.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ১০ | ২ | লক্ষ্যমাত্রা | - | - | ১ | ১ | ২ | - | |
| | | | | | | | অর্জন | - | - | - | - | - | - | |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৫ | ২ | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | ২ | - | |
| | | | | | | | অর্জন | - | ১ | - | - | ১ | ২.৫০ | |

৩১.১২.২০২৩
(মো: নাজমুল হক)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

(অপর্ণা সাহা)
সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

(মো: রায়হানুল আবেদীন)
সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

(মো: আবুল কালাম আজাদ)
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

তারিখঃ ১১.১২.২০২৩খ্রি.

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
৫৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

**বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক প্রতিবেদনঃ**

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভা ০৩ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তাঁর বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ১ | পুনঃবীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনলাইনে আয়োজন করা যেতে পারে। | পুনঃবীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনলাইনে আয়োজন করা হয়েছে। | বাস্তবায়িত | ১০০% |
| ২ | একাডেমির কর্মকর্তাদের পুনর্বিন্যাসকৃত রুমে নেমপ্লেট স্থাপন করতে হবে। | একাডেমির কর্মকর্তাদের পুনর্বিন্যাসকৃত রুমে নেমপ্লেট স্থাপন করা হয়েছে। | বাস্তবায়িত | ১০০% |
| ৩ | একাডেমির সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কৃতি শিক্ষার্থীদেরকে ক্রেস্ট প্রদান করা যেতে পারে। | একাডেমির সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কৃতি শিক্ষার্থীদেরকে ক্রেস্ট প্রদান করা হয়েছে। | বাস্তবায়িত | ১০০% |

১১/১২/২০২৪

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

৫৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

**বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি কর্তৃক জীবন বীমা কর্পোরেশনের জন্য ২০২৪ সালের বিভিন্ন প্রশিক্ষণ কোর্স চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী (সংশোধিত) :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস.এম. ইব্রাহিম হোসাইন,ACII, পরিচালক (অ:দা:)<br>বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি |
| তারিখ ও সময় | : | ০৭ ডিসেম্বর ২০২৩, বৃহস্পতিবার, দুপুর ১২:০০ ঘটিকা |
| সভার স্থান | : | বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির ২০২৪ সালের কোর্স ক্যালেন্ডার নিয়ে আলোচনা করা হয়। সভাপতি একাডেমির শিক্ষা সম্প্রসারণ ও প্রশিক্ষণ কর্মকান্ডকে আধুনিক ও যুগোপযোগী করতে জীবন বীমা কর্পোরেশনের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। জীবন বীমা কর্পোরেশনের জেনারেল ম্যানেজার (উন্নয়ন বিভাগ) জনাব মীর নূর মোহাম্মদ ও সহকারী জেনারেল ম্যানেজার জনাব মো: শাহিদ ইকবাল এবং ম্যানেজার (প্রশিক্ষণ) জনাব মো: মাছুদুর রহমান সভার শুরুতে জীবন বীমা কর্পোরেশনের জন্য কি কি ধরণের কোর্স দরকার সে বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। অত:পর প্রস্তাবিত কোর্স ক্যালেন্ডার-২০২৪ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ২০২৩ সালে একাডেমির কোর্স ক্যালেন্ডারে যে সমস্ত প্রশিক্ষণ কর্মসূচি অন্তর্ভূক্ত করা হয়েছিল যা আয়োজন করা হয় নাই সে সমস্ত কোর্স সমূহ ২০২৪ সালে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করা হবে।
- ২০২৪ সালে জীবন বীমা কর্পোরেশনের এজেন্টদের (৭২ ঘন্টা এবং ৩৬ ঘন্টা) জন্য সুনির্দিষ্ট ২৯(উনত্রিশ) টি লাইফ ইনসিওরেন্স এজেন্ট কোর্স আয়োজন করা হবে তন্মধ্যে একাডেমির কোর্স ক্যালেন্ডার ২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে ২১টি প্রশিক্ষণ কোর্স অন্তর্ভূক্ত করা হবে।
- একাডেমি জীবন বীমা কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় এজেন্টগণের জন্য সিলেবাস প্রনয়ণ করবে।
- প্রশিক্ষণ কোর্সসমূহে 'লাইফ ইনসিওরেন্স এজেন্ট'(বাধ্যতামূলক এবং নবায়ন) কোর্স অগ্রাধিকার ভিত্তিতে আয়োজন করা হবে।
- লাইফ ইনসিওরেন্স এজেন্ট প্রশিক্ষণ কোর্সের সিলেবাসে এ্যাসাইনমেন্ট, জীবন বীমা কর্পোরেশন ও লাইফ বীমায় শিষ্টাচার ও নৈতিকতা, উদ্ভাবনী ধারণা, সেবা প্রদান প্রতিশ্রুতি, গ্রুপ ইনসিওরেন্স ইত্যাদি অন্তর্ভূক্ত করতে হবে।
- ২০২৪ সালের জন্য নির্ধারিত কোর্সের বাহিরে টেইলর মেড/বিশেষ কোন কোর্স করার প্রয়োজন হলে জীবন বীমা কর্পোরেশন থেকে সুনির্দিষ্ট প্রস্তাব একাডেমিতে প্রেরণ করতে হবে। সে অনুযায়ী একাডেমি সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স পরিচালনা করবে।
- প্রশিক্ষণ কোর্সে নতুন কর্মকর্তা/কর্মচারীদের অগ্রাধিকার দিতে হবে এবং প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ঢাকার বাহিরে কোর্স আয়োজনের জন্য একাডেমির একজন সমন্বয়কারী পূর্ববর্তী অফিস কার্যদিবসে অর্থাৎ এক দিন পূর্বে প্রশিক্ষণ স্থলে অবস্থান করবে এবং জীবন বীমা কর্পোরেশন এর স্থানীয় শাখা/সেলস কর্মকর্তার সহায়তায় কোর্স অনুষ্ঠায়নের বিষয়টি নিশ্চিত করবে।
- প্রশিক্ষণ কোর্সে ল্যাপটপ, মাল্টিমিডিয়া এবং সাউন্ড সিস্টেম ব্যবহার নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১২/২০২৩

Md. Abul Kalam Azad
Faculty Member (Grade-2)
Bangladesh Insurance Academy
Bank & Financial Institutions Division, Ministry of Finance

মোঃ মাছুদুর রহমান
ম্যানেজার-প্রশিক্ষণ

মীর নূর মোহাম্মদ
জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন

(এস.এম. ইব্রাহিম হোসাইন,ACII)
পরিচালক (অ:দা:)
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি।

ই-মেইল: bangladeshinsuranceacademy@gmail.com

# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

সূত্র ঃ

তারিখ ঃ ০১/১০/২০২৩

## নোটিশ

আগামী ০৩ অক্টোবর-২০২৩ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ৩.০০ ঘটিকায় বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভা জনাব মো: আবুল কালাম আজাদ, সভাপতি, সিটিজেন চার্টার-এর সভাপতিত্বে একাডেমির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যদের যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

(মোঃ নাজমুল হক)
হিসাবরক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি